

পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ ষষ্ঠ অধ্যায় - ঈশ্বর ও নবীগণ বিষয়ক অশোভনীয়তা রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৬. ১. ৩. ১৩. পূর্বপুরুষদের পাপের জন্য উত্তরপুরুষদের চিরস্থায়ী শাস্তি

শুধু ৪০০ বা ৪০০০ বছর নয়, অপরাধীর কারণে তার বংশধর বা তার পিতার বংশধরদের চিরস্থায়ী শাস্তি প্রদান বাইবেলীয় ঈশ্বরের অন্যতম বিধান এবং বাইবেলীয় ধার্মিকতার মূল স্তম্ভ। বাইবেলে বিষয়টা বহুবার এসেছে। এখানে কয়েকটা নমুনা দেখুন:

- (১) পূর্বপুরুষদের অপরাধে অন্মোনীয় ও মোয়াবীয়দের চিরস্থায়ী শান্তি: "কোন অন্মোনীয় কিংবা মোয়াবীয় মাবুদের বান্দাদের সমাজে যোগ দিতে পারবে না; তার চৌদ্দ পুরুষেও কেউ তা কখনও করতে পারবে না। কিসম দেশ থেকে বের হয়ে আসবার পরে তোমাদের যাত্রার পথে তারা খাবার ও পানি নিয়ে তোমাদের কাছে এগিয়ে আসেনি, বরং তোমাদের বদদোয়া দেবার জন্য তারা ইরাম-নহরয়িম দেশের পথোর শহর থেকে বাউরের ছেলে বালামকে টাকা দিয়ে নিয়ে এসেছিল।... তোমরা যতদিন বাঁচবে ততদিন এদের কোন উপকার বা উন্নতির চেষ্টা করবে না।" (দ্বিতীয় বিবরণ ২৩/৩-৬, মো.-০৬)
- (২) দাউদের সেনাপতি যোয়াব অন্যায়ভাবে তালুতের সেনাপতি অবনেরকে হত্যা করেন। এজন্য দাউদ তাঁর সেনাপতি যোয়াবকে কোনো শাস্তি দেওয়ার পরিবর্তে ঈশ্বরের নিকট বদদোআ করে যোয়াবের বংশধরদের জন্য চিরস্থায়ী শাস্তির ব্যবস্থা করলেন: "পরে দাউদ সেই খবর পেয়ে বললেন, নেরের ছেলে অবনেরের রক্তপাতের ব্যাপারে আমি ও আমার রাজ্য মাবুদের সামনে চিরদিনের জন্য নির্দোষ। যোয়াব ও তার পিতার বংশের সকলেই যেন সেই রক্তের দায়ী হয়। যোয়াবের বংশে সব সময় যেন কেউ না কেউ পুরুষাংগের স্রাব কিংবা চর্মরোগে ভোগে, কেউ লাঠিতে ভর দিয়ে চলে, কেউ খুন হয় কিংবা কেউ অভাবে কন্ট পায়।" (২ শামুয়েল ৩/২৮-৩০, মো.-০৬)
- (৩) ঈশ্বরের পুত্র ও নবী শলোমন শেষ জীবনে মূর্তিপূজা করেন। ঈশ্বর এজন্য শলোমনকে কোনো শাস্তি দিলেন না। বরং তাঁর বংশধরদের শাস্তি দিলেন: "তোমার এই ব্যবহারের জন্য এবং আমার দেওয়া ব্যবস্থা ও নিয়ম অমান্য করবার জন্য আমি অবশ্যই তোমার কাছ থেকে রাজ্য চিরে নিয়ে তোমার একজন কর্মচারীকে দেব। তবে তোমার পিতা দাউদের কথা মনে করে তোমার জীবনকালে আমি তা করব না, কিন্তু তোমার ছেলের হাত থেকে তা আমি চিরে নেব।" (১ বাদশাহনামা ১১/১১-১২, মো.-০৬)
- (৪) ইসরাইল রাজ্যের প্রথম রাজা যারবিয়াম/ ইয়ারাবিম (Jeroboam)। তিনি রাজা হয়ে মূর্তি পূজায় লিপ্ত হন। এজন্য ঈশ্বর তাকে মোটেও শাস্তি দেননি। তবে তার বংশধরদের কঠিন শাস্তি প্রদান করেন: "এজন্য দেখ, আমি ইয়ারাবিমের কুলের উপরে অমঙ্গল ঘটাবো; যারবিয়াম-বংশের প্রত্যেক পুরুষকে মুছে ফেলব- সে ইসরাইলের মধ্যে কেনা গোলামই হোক বা স্বাধীন মানুষই হোক; লোকে যেমন ঝাঁটি দিয়ে নিঃশেষে মল দূর করে, তেমনি আমি ইয়ারাবিমের কুলকে একেবারে ঝাঁটি দিয়ে ফেলবো। ইয়ারাবিমের যে কেউ নগরে মৃত্যুবরণ করলে তাকে কুকুরে খাবে ও যার মৃত্যু মাঠে হবে, তাকে আসমানের পাখিরা খাবে। (১ বাদশাহনামা ১৪/১০; ১৫/২৯-৩০, মো.-



20)

- (৫) ইসরাইল রাজ্যের তৃতীয় রাজা 'বাশা' (Baasha)। তিনিও প্রতিমা পূজায় লিপ্ত ছিলেন। ঈশ্বর তার পাপের শাস্তি তার বংশধরদের দিলেন: "হে বাশা, আমি তোমাকে ধুলা থেকে তুলে এনে আমার বান্দা বনি-ইসরাইলদের নেতা করেছি। কিন্তু তুমি ইয়ারাবিমের পথে চলেছ ও আমার বান্দা বনি-ইসরাইলদের দিয়ে গুনাহ করিয়েছ আর তাদের সেই গুনাহের দরুন আমাকে রাগিয়ে তুলেছ। কাজেই তুমি ও তোমার বংশকে আমি ধ্বংস করতে যাচ্ছি। আমি তোমার বংশকে নবাটের ছেলে ইয়ারাবিমের বংশের মত করব। তোমার যে লোকেরা শহরে মরবে তাদের খাবে কুকুরে আর মাঠের মধ্যে যারা মরবে তাদের খাবে পাখীতে।" (১ বাদশাহনামা ১৬/২-৪, মো.-০৬)
- (৬) এ রাজ্যেরই অষ্টম বাদশাহ আহাব (Ahab)। তিনিও প্রতিমাপূজা ও অন্যান্য অনেক অপরাধ করেন। এজন্য ঈশ্বর তার বংশধরদের জন্য শান্তির ব্যবস্থা করেন: "আমি তোমার উপর বিপদ নিয়ে আসব। তোমাকে আমি একেবারে ধ্বংস করব। গোলাম হোক আর স্বাধীন হোক তোমার বংশের প্রত্যেকটা পুরুষ লোককে আমি শেষ করে দেব.... তোমার যে সব লোক শহরে মরবে তাদের খাবে কুকুরে আর যারা মাঠের মধ্যে মরবে তাদের খাবে পাখীতে।" (১ বাদশাহনামা ২১/২১-২৪, মো.-০৬)

Source — https://www.hadithbd.com/books/link/?id=14265

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন